রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, আগস্ট ১১, ২০২১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শিল্প মন্ত্রণালয়**
**প্রশাসন অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ/ ০৯ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

**নং ৩৬.০০.০০০০.০৪৬.২৩.০২৯.২০.১৪৯।**—জাতীয় অর্থনীতিতে শিল্প খাতের অবদানের স্বীকৃতি প্রদান, বেসরকারি খাতে শিল্প স্থাপন ও বিনিয়োগ উৎসাহিতকরণ, প্রণোদনা সৃষ্টি এবং সৃজনশীলতাকে উৎসাহিত করার লক্ষ্যে প্রতিবছর বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, কুটির, মাইক্রো ও হাইটেক এই ছয় ক্যাটাগরিতে রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদানের উদ্দেশ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **"রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদান নীতিমালা ২০২০"** প্রণয়ন করেছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ খালেকুজ্জামান**
উপসচিব।


**মূল্য :** টাকা ৪০.০০

## **"রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদান নীতিমালা ২০২০"**

**ভূমিকা:**

একটি উন্নত দেশ বিনির্মাণের অপরিহার্য পূর্বশর্ত হচ্ছে শিল্পায়ন। অর্থনীতির আধুনিকায়ন ও কাঠামোগত রূপান্তর, অব্যাহত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, বাহ্যিক ব্যয় সংকোচন, বহুমুখী পণ্য উৎপাদন, ক্রমবর্ধমান উৎপাদনশীলতা অর্জন, প্রযুক্তিগত অগ্রগতি, কর্মসংস্থান সৃষ্টি এবং জনগণের আয় ও জীবনাযাত্রার মান উন্নয়ন ইত্যাদি হচ্ছে শিল্প উন্নয়নের সর্বজনস্বীকৃত নির্ণায়ক। জাতীয় অর্থনীতিতে শিল্প খাতের অবদানের স্বীকৃতি প্রদান, বেসরকারি খাতে শিল্প স্থাপন ও বিনিয়োগ উৎসাহিতকরণ, প্রণোদনা সৃষ্টি এবং সৃজনশীলতাকে উৎসাহিত করার উদ্দেশ্যে প্রতিবছর শিল্প মন্ত্রণালয় কর্তৃক **রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদান সংক্রান্ত নির্দেশনাবলী, ২০১৩** এর আলোকে "রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার" প্রদান করা হয়ে আসছে। এ পুরস্কার প্রদানের প্রাতিষ্ঠানিক ভিত্তি প্রতিষ্ঠার লক্ষ্যে রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদান নীতিমালা প্রণয়ন করা হলো।

১। **শিরোনাম:** এই নীতিমালা **"রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদান নীতিমালা ২০২০"** নামে অভিহিত হবে।

**২। রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদানের উদ্দেশ্য**

২.১ বেসরকারি খাতে শিল্প স্থাপন, বিনিয়োগ ও কর্মসংস্থান সৃষ্টিতে উৎসাহ প্রদান

২.২ বহুমুখী পণ্য উৎপাদন, আমদানি বিকল্প শিল্পপণ্য উৎপাদন ও সৃজনশীলতাকে উৎসাহ প্রদান

২.৩ জাতীয় ও আন্তর্জাতিক বাজারের চাহিদা অনুযায়ী প্রযুক্তি-নির্ভর পণ্য উৎপাদনে উৎসাহ প্রদান

২.৪ ঐতিহ্যবাহী, অনন্য ও স্বতন্ত্র বৈশিষ্ট্যসম্পন্ন ক্ষুদ্র, মাঝারি ও কুটির শিল্পের বিকাশে উৎসাহ প্রদান

২.৫ পরিবেশ বান্ধব, সবুজ ও টেকসই শিল্পায়নকে উৎসাহিত করা।

৩। **ক্ষেত্র নির্ধারণ**

শিল্প ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো, কুটির এবং হাইটেক শিল্পভুক্ত শিল্প প্রতিষ্ঠানকে রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদান করা হবে। বিদ্যমান জাতীয় শিল্পনীতিতে শিল্প প্রতিষ্ঠানের সংজ্ঞা ও শ্রেণি বিন্যাস অনুযায়ী বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো, কুটির এবং হাইটেক শিল্প চিহ্নিত করা হবে।

৪। **পুরস্কার প্রাপকের সংখ্যা নির্ধারণ ও বিবেচনাসূত্র**

বিদ্যমান জাতীয় শিল্পনীতিতে বর্ণিত শিল্প প্রতিষ্ঠানের শ্রেণিবিন্যাস অনুযায়ী বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, কুটির, মাইক্রো ও হাইটেক এই মোট ছয় ক্যাটাগরির শিল্পের প্রতিটিতে তিনটি করে মোট ১৮টি শিল্প প্রতিষ্ঠানকে প্রতিবছর এ পুরস্কার প্রদান করা হবে। শিল্প প্রতিষ্ঠান বিবেচনার ক্ষেত্রে শিল্পখাতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সামগ্রিক অবদান বিবেচনা করা হবে। শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে বার্ষিক মোট বিক্রয়, আমদানি হ্রাস, আমদানি বিকল্প পণ্য উৎপাদন, স্থানীয় কাঁচামাল ব্যবহার, কর্মসংস্থান, সামাজিক দায়িত্ব পালন, পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ, সবুজ শিল্পায়ন প্রভৃতি ক্ষেত্রের অবদান বিবেচনা করা হবে।

৫। **আবেদনপত্র আহবান**

৫.১ শিল্প মন্ত্রণালয় প্রতিবছর জানুয়ারি-ফেব্রুয়ারি মাসে দৈনিক পত্রিকা, মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.moind.gov.bd), নোটিশ বোর্ড এবং জেলা প্রশাসকের কার্যালয়ের মাধ্যমে পুরস্কারের জন্য আবেদন আহবান করবে। তাছাড়া এ বিষয়ে জাতীয় ট্রেডবডি/ এসোসিয়েশনসমূহের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা নেয়া হবে।

৫.২ শিল্প প্রতিষ্ঠান এর পক্ষে শিল্প উদ্যোক্তা বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি নির্ধারিত ফরম পূরণ করে (বৃহৎ ও মাঝারি শিল্পের জন্য **ফরম-ক**, ক্ষুদ্র, মাইক্রো, কুটির এবং হাইটেক শিল্পের জন্য **ফরম-খ** বিজ্ঞাপনে উল্লিখিত সময়সীমার মধ্যে সরাসরি শিল্প মন্ত্রণালয়ে আবেদনপত্র দাখিল করবে।

৫.৩ অসম্পূর্ণ ও ভুল তথ্যসম্বলিত আবেদনপত্র এবং নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৬। **মনোনয়ন যোগ্যতা**

৬.১ শিল্প প্রতিষ্ঠানকে বাংলাদেশে উৎপাদনে নিয়োজিত থাকতে হবে

৬.২ নিয়মিত শুল্ক ও কর পরিশোধ করতে হবে

৬.৩ বিবেচ্য বছরসহ ধারাবাহিকভাবে তিনবছর উৎপাদন কার্যক্রম চালু থাকতে হবে।

৭। **মনোনয়নের অযোগ্যতা**

৭.১ কোন শিল্প প্রতিষ্ঠান এ নীতিমালার অধীন মনোনয়নের জন্য যোগ্য বিবেচিত হবেনা, যদি—

(ক) সংশ্লিষ্ট শিল্প উদ্যোক্তা/ চেয়ারম্যান/প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক কোন ফৌজদারি অপরাধের জন্য কোন ট্রাইব্যুনাল বা আদালত কর্তৃক দন্ডিত হন এবং দন্ডভোগের পর ন্যূনতম দুই বছর সময় অতিক্রান্ত না হয়ে থাকে

(খ) সংশ্লিষ্ট শিল্প উদ্যোক্তা/ চেয়ারম্যান/প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক যদি ঋণ খেলাপি / সরকারি ইউটিলিটি বিল খেলাপি /কর খেলাপি হন

(গ) কৃষি জমি, সরকারি সম্পত্তি, নদী-নালা, খাল, জলাধার বা সংরক্ষিত বনাঞ্চল অবৈধভাবে দখল করে স্থাপিত শিল্প প্রতিষ্ঠান

(ঘ) তামাক বা তামাকজাতীয় পণ্যভিত্তিক বা জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর কোন পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান

৭.২ অন্যান্য উদ্যোক্তাদের উৎসাহিত করার লক্ষ্যে কোন উদ্যোক্তা বা শিল্প প্রতিষ্ঠান একবার পুরস্কৃত হলে পরবর্তী দুই বছর তার আবেদনপত্র বিবেচনাযোগ্য হবে না।

৭.৩ কোন আবেদন বিদ্যমান শিল্পনীতি অনুযায়ী নির্ধারিত শ্রেণিভিত্তিক না হলে সেই আবেদন বিবেচনা করা হবেনা, তবে আবেদনকারীকে তা অবহিত করে আবেদনকারীর সম্মতির ভিত্তিতে তার আবেদন যে শ্রেণিতে প্রযোজ্য সেই শ্রেণিতে বিবেচনা করা যাবে।

৮। **প্রাথমিক তালিকা প্রস্তুতকরণ কমিটির গঠন ও কার্যপরিধি**

৮.১ **প্রাথমিক তালিকা প্রস্তুকরণ কমিটির গঠন**

| | |
|---|---|
| যুগ্মসচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয় | আহবায়ক |
| উপসচিব (নীতি), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| উপসচিব (এসএমই), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| উপসচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয় | সদস্য-সচিব |

৮.২ **প্রাথমিক তালিকা প্রস্তুকরণ কমিটির কার্যপরিধি**

(ক) কমিটি প্রাপ্ত আবেদনপত্রসমূহ নির্ধারিত শ্রেণিভিত্তিক কি না তা যাচাই-বাছাই করবেন।

(খ) কমিটি প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই করে প্রতিটি আবেদনের বিপরীতে কোড নম্বর প্রদান করে একটি প্রাথমিক তালিকা প্রস্তুত করে মূল্যায়নের জন্য আবেদনপত্র মূল্যায়ন কমিটির নিকট উপস্থাপন করবে।

## ৯। আবেদনপত্র মূল্যায়ন কমিটি গঠন ও কার্যপরিধি

### ৯.১ আবেদনপত্র মূল্যায়ন কমিটির গঠন

| | |
|---|---|
| অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয় | আহবায়ক |
| যুগ্মসচিব (নীতি ও আস), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| যুগ্মসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| যুগ্মসচিব, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| যুগ্মসচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| যুগ্মসচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| যুগ্মসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| যুগ্মসচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি (সদস্য পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য |
| বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের প্রতিনিধি (মহাপরিচালকের নিম্নে নয়) | সদস্য |
| পরিচালক, পরিবেশ অধিদপ্তর | সদস্য |
| বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি (নির্বাহী পরিচালকের নিম্নে নয়) | সদস্য |
| অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় (অধ্যাপকের নিম্নে নয়) | সদস্য |
| সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) | সদস্য |
| সভাপতি, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি (বিসিআই) | সদস্য |
| সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) | সদস্য |
| সভাপতি, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এমসিসিআই) | সদস্য |
| সভাপতি, বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (বিডব্লিউসিসিআই) | সদস্য |
| সভাপতি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি বাংলাদেশ (নাসিব) | সদস্য |
| পরিচালক, বিআইডিএস | সদস্য |
| যুগ্মসচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| উপসচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয় | সদস্য-সচিব |

### ৯.২ আবেদনপত্র মূল্যায়ন কমিটির কার্যপরিধি

(ক) আবেদনপত্র মূল্যায়ন কমিটি প্রাপ্ত আবেদনপত্রসমূহ সংযুক্ত তপশিলসমূহে [তপশিল-১ ১(ক), তপশিল-২ ২(ক)], বর্ণিত প্রতিষ্ঠানের শ্রেণিবিন্যাস অনুযায়ী নির্ধারিত মানদণ্ডের ভিত্তিতে মূল্যায়ন করে চূড়ান্ত মনোনয়নের জন্য একটি তালিকা প্রণয়ন করবে।

(খ) আবেদনপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক প্রণীত তালিকায় অন্তর্ভুক্ত শিল্প প্রতিষ্ঠানসমূহ সম্পর্কে অনুচ্ছেদ ১০ এ বর্ণিত কতৃর্পক্ষসমূহ হতে প্রাপ্ত তথ্যাদি যাচাই করে আবেদন মূল্যায়ন কমিটি পুরস্কারের শ্রেণিভিত্তিক তালিকা প্রণয়ন করে অনুমোদনের জন্য মনোনয়ন চূড়ান্তকরণ কমিটির নিকট সুপারিশ পেশ করবে।

(গ) আবেদনপত্র মূল্যায়ন কমিটি প্রয়োজনবোধে প্রাথমিকভাবে মনোনীত প্রতিষ্ঠানসমূহ সরেজমিন পরিদর্শনের সিদ্ধান্ত দিতে পারে।

(ঘ) প্রতি বছর জুন-জুলাই মাসের মধ্যে আবেদনপত্র মূল্যায়ন কমিটি মনোনয়ন চূড়ান্ত কমিটির নির্বাচনের জন্য একটি তালিকা সুপারিশ করবে।

### ১০। আবেদনপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক প্রণীত তালিকায় অন্তর্ভুক্ত শিল্প প্রতিষ্ঠানসমূহ সম্পর্কে বিভিন্ন কর্তৃপক্ষের নিকট হতে তথ্য সংগ্রহ

সংশ্লিষ্ট প্রশাসনিক শাখা রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদান সংক্রান্ত মূল্যায়ন কমিটি কর্তৃক প্রণীত তালিকায় অন্তর্ভুক্ত শিল্প প্রতিষ্ঠান সম্পর্কে নিম্নবর্ণিত তথ্য সংগ্রহ করবে:

১০.১ শুল্ক, মূল্য সংযোজন কর কিংবা আয়কর প্রদান করেছেন কিনা, তৎসম্পর্কিত তথ্যাদি জানানোর জন্য জাতীয় রাজস্ব বোর্ডের নিকট তালিকার একটি কপি প্রেরণ করা হবে। তালিকা প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ড যাচিত তথ্যাদি সম্পর্কে তাদের মতামত প্রেরণের বিষয়টি নিশ্চিত করবে।

১০.২ প্রার্থী ফৌজদারি অপরাধের জন্য কোন আদালত কর্তৃক দণ্ডিত কিংবা কোন মামলা তদন্তাধীন/বিচারাধীন আছে কিনা, তৎসম্পর্কিত তথ্য জানার জন্য জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নিকট তালিকার একটি কপি প্রেরণ করা হবে। তালিকা প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় যাচিত তথ্যাদি সম্পর্কে তাদের মতামত প্রেরণের বিষয়টি নিশ্চিত করবে।

১০.৩ প্রার্থী ঋণ খেলাপি কিনা তৎসম্পর্কিত তথ্যাদি জানানোর জন্য, বাংলাদেশ ব্যাংকের নিকট তালিকার একটি কপি প্রেরণ করা হবে। তালিকা প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বাংলাদেশ ব্যাংক যাচিত তথ্যাদি সম্পর্কে তাদের মতামত প্রেরণের বিষয়টি নিশ্চিত করবে।

১০.৪ প্রার্থী বিল খেলাপি কিনা, তৎসম্পর্কিত তথ্যাদি জানাবার জন্য, পানি, বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন ও স্থানীয় সরকার কর্তৃপক্ষের নিকট তালিকার একটি কপি প্রেরণ করা হবে। তালিকা প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পানি, বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন ও স্থানীয় সরকার কর্তৃপক্ষ তাদের মতামত প্রেরণের বিষয়টি নিশ্চিত করবে।

১০.৫ শিল্প প্রতিষ্ঠানটি (প্রযোজ্য ক্ষেত্রে) পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রপ্রাপ্ত কিনা তৎসম্পর্কিত তথ্যাদি জানানোর জন্য পরিবেশ অধিদপ্তরের নিকট তালিকার একটি কপি প্রেরণ করা হবে। তালিকা প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিবেশ অধিদপ্তর তাদের মতামত প্রেরণের বিষয়টি নিশ্চিত করবে।

১০.৬ প্রতিষ্ঠানটি কোন সরকারি সম্পত্তি, নদী-নালা, খাল, জলাধার বা সংরক্ষিত বনাঞ্চল দখল করে স্থাপিত কিনা তৎসম্পর্কিত তথ্যাদি জানানোর জন্য ভূমি মন্ত্রণালয়ের নিকট তালিকার একটি কপি প্রেরণ করা হবে। তালিকা প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ভূমি মন্ত্রণালয় তাদের মতামত প্রেরণের বিষয়টি নিশ্চিত করবে।

১০.৭ কৃষি ও কৃষিজাত পণ্যের শিল্পের ক্ষেত্রে কৃষি বিপণন আইন, ২০১৮ অনুযায়ী কৃষি বিপণন অধিদপ্তর থেকে কৃষি বিপণন লাইসেন্স সংগ্রহ করতে হবে।

## ১১। মনোনয়ন চূড়ান্তকরণ কমিটির গঠন ও কার্যপরিধি

### ১১.১ মনোনয়ন চূড়ান্তকরণ কমিটির গঠন

| | |
|---|---|
| মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | আহবায়ক |
| মাননীয় প্রতিমন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| গভর্নর অথবা ডেপুটি গভর্নর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড | সদস্য |
| সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) | সদস্য |
| সভাপতি, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি (বিসিআই) | সদস্য |
| সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) | সদস্য |
| সভাপতি, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এমসিসিআই) | সদস্য |
| সভাপতি, বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (বিডব্লিউসিসিআই) | সদস্য |
| সভাপতি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি বাংলাদেশ (নাসিব) | সদস্য |
| অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**১১.২ মনোনয়ন চূড়ান্তকরণ কমিটির কার্যপরিধি**

আবেদনপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত তালিকা পাওয়ার পর মনোনয়ন চূড়ান্তকরণ কমিটি আবেদন মূল্যায়ন কমিটির সুপারিশ এবং সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে মনোনয়ন চূড়ান্তকরণ কমিটির অন্তত দুই-তৃতীয়াংশ সদস্যের সমর্থনে পুরস্কার প্রাপ্তদের তালিকা চূড়ান্ত করবে। মনোনয়ন চূড়ান্তকরণ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। **অনুষ্ঠান আয়োজন ও পুরস্কার প্রদান**

১২.১ মনোনয়ন চূড়ান্তকরণ কমিটি কর্তৃক তালিকা চূড়ান্ত করার পর যদি দেখা যায় যে, কোন প্রতিষ্ঠান একই সাথে একাধিক ক্ষেত্রে নির্বাচিত হয়েছে, তাহলে উক্ত প্রতিষ্ঠানের পছন্দমত যে কোন একটির জন্য পুরস্কার ঘোষণা করা যাবে।

১২.২ রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার প্রদানের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্তকৃত তালিকা সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রকাশ করা হবে।

১২.৩ শিল্প মন্ত্রণালয় পুরস্কার বিতরণ অনুষ্ঠান আয়োজনের যাবতীয় দায়িত্ব পালন করবে।

১২.৪ সাধারণত প্রতি বছর সেপ্টেম্বর-অক্টোবর মাসে পুরস্কার প্রদান করা হবে।

১৩। **পুরস্কার ও সুবিধাদি**

১৩.১ রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার হিসেবে একটি ক্রেস্ট এবং একটি সম্মাননাপত্র প্রদান করা হবে;

১৩.২ পুরস্কারপ্রাপ্ত প্রতিষ্ঠানের চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক (প্রযোজ্য ক্ষেত্রে) পুরস্কার প্রাপ্তির পরবর্তী এক বছর বিভিন্ন জাতীয় অনুষ্ঠানে এবং সিটি কর্পোরেশন কর্তৃক আয়োজিত নাগরিক সংবর্ধনায় আমন্ত্রণ পাবেন।

১৪। **প্রত্যাহার বা বাতিলের ক্ষমতা**

সরকার গেজেট প্রজ্ঞাপন দ্বারা যে কোন প্রতিষ্ঠানকে প্রদত্ত পুরস্কার বাতিল করতে পারবে এবং পুরস্কারের সুযোগ-সুবিধা মেয়াদকালীন যে কোন সময় জনস্বার্থে প্রত্যাহার করতে পারবে।

**তপশিল-১**

**রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কারের জন্য মূল্যায়ন মানদণ্ড**

**(বৃহৎ ও মাঝারি শিল্পের জন্য প্রযোজ্য)**

| ক্রমিক নং | নির্ণায়ক একক | নির্ধারিত নম্বর |
|---|---|---|
| ১. | বার্ষিক টার্নওভার (লক্ষ টাকা) | ১৫ |
| ২. | মূল্য সংযোজন কর পরিশোধ (লক্ষ টাকা) | ১০ |
| ৩. | শুল্ক পরিশোধ (লক্ষ টাকা) | ০৫ |
| ৪. | শিল্প উদ্যোক্তা ও শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত আয়কর (লক্ষ টাকা) | ১৫ |
| ৫. | বিগত ০৩ বছরে বিনিয়োগের পরিমাণ (লক্ষ টাকা) (অডিট রিপোর্ট মোতাবেক) | ১০ |
| ৬. | দেশীয় কাঁচামাল ব্যবহার (লক্ষ টাকা) | ১০ |
| ৭. | কর্মসংস্থান (সংখ্যা) | ০৫ |
| ৮. | রপ্তানি আয় (লক্ষ টাকা) | ১০ |
| ৯. | আমদানি বিকল্প পণ্য উৎপাদন (লক্ষ টাকা) | ১০ |
| ১০. | অভ্যন্তরীণ ও বহিঃনিরীক্ষা পদ্ধতির বিবরণ | ০৫ |
| ১১. | শ্রমিকের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ কর্মসূচি (কর্মসূচির সংখ্যা) | ০৫ |
| ১২. | শ্রমিকের কল্যাণের জন্য গৃহীত পদক্ষেপ (লক্ষ টাকা) | ০৫ |
| ১৩. | অনুমোদিত মজুরি কাঠামো | ০৫ |
| ১৪. | সামাজিক দায়িত্ব পালন (CSR) (লক্ষ টাকা) | ০৫ |
| ১৫. | শ্রমিকের নিরাপত্তা বিধানে (বীমা সহ) গৃহীত পদক্ষেপের বিবরণ | ০৫ |
| ১৬. | পরিবেশ সংরক্ষণে গৃহীত পদক্ষেপ (লক্ষ টাকা) | ১০ |
| ১৭. | নব উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বিবরণ | ০৫ |
| ১৮. | পণ্যমান নিয়ন্ত্রণ ব্যবস্থা (বিবরণ) | ০৫ |
| ১৯. | গুণগত মাননিয়ন্ত্রণ সংক্রান্ত সনদ | ০৫ |
| ২০. | উন্নয়ন ও গবেষণা (বিবরণ) | ০৫ |
| | **মোট=** | **১৫০** |

**তপশিল-১(ক)**

**রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কারের জন্য নম্বর বণ্টন ক্রাইটেরিয়া**
**(বৃহৎ ও মাঝারি শিল্পের জন্য প্রযোজ্য)**

**(ক) বৃহৎ শিল্প:**

| ক্র: নং | বিবরণ | নির্ধারিত নম্বর | মূল্যায়নের ধরণ |
|---|---|---|---|
| ১. | বার্ষিক টার্নওভার | ১৫ | (ক) ১০০০০ কোটি টাকার উপরে-১৫ নম্বর<br>(খ) ৭০০১-১০,০০০ কোটি টাকা-১২ নম্বর<br>(গ) ৩,০০১-৭০০০ কোটি টাকা-০৯ „<br>(ঘ) ২,০০১-৩০০০ কোটি টাকা-০৮ „<br>(ঙ) ১,০০১-২০০০ কোটি টাকা-০৭ „<br>(চ) ৫০১-১০০০ কোটি টাকা-০৬ „<br>(ছ) ১০১-৫০০ কোটি টাকা-০৫ „<br>(জ) ১-১০০ কোটি টাকা-০৪ „ |
| ২. | মূল্য সংযোজন কর পরিশোধ | ১০ | (ক) ৪০০ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ ৩০১-৪০০ কোটি টাকা-০৯ „<br>(গ) ২৫১-৩০০ কোটি টাকা-০৮ „<br>(ঘ) ২০১-২৫০ কোটি-০৭ „<br>(ঙ) ১০১-২০০ কোটি টাকা-০৬ „<br>(চ) ১১-১০০ কোটি টাকা-০৫ „<br>(ছ) ১-১০ কোটি টাকা-০৩ „ |
| ৩. | শুল্ক কর পরিশোধ | ০৫ | (ক) ৪০০ কোটি টাকার উপরে-০৫ নম্বর<br>(খ) ৩০১-৪০০ কোটি টাকা-০৪ „<br>(গ) ২০১-৩০০ কোটি টাকা-০৩ „<br>(ঘ) ১০১-২০০ কোটি টাকা-০২ „<br>(ঙ) ১-১০০ কোটি টাকা-০১ „ |
| ৪. | শিল্প উদ্যোক্তা ও শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত আয়কর | ১৫ | (ক) ৮০০ কোটি টাকার উপরে-১৫ নম্বর<br>(খ) ৬০১-৮০০ কোটি টাকা-১২ „<br>(গ) ৪০১-৬০০ কোটি টাকা-১০ „<br>(ঘ) ৩০১-৪০০ কোটি টাকা-৮ „<br>(ঙ) ২০১-৩০০ কোটি টাকা-৬ „ |

| ক্র: নং | বিবরণ | নির্ধারিত নম্বর | মূল্যায়নের ধরণ |
|---|---|---|---|
| | | | (চ) ১০১-২০০ কোটি টাকা-০৪ নম্বর<br>(ছ) ১১-১০০ কোটি টাকা-০৩ „<br>(জ) ১-১০ কোটি টাকা-০২ „<br>(ঝ) ১ কোটি টাকার নিচে-০১ „ |
| ৫. | বিগত ০৩ বছরে বিনিয়োগের পরিমাণ | ১০ | (ক) ৯০০ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ ৮০১-৯০০ কোটি টাকা-০৯ „<br>(গ) ৭০১-৮০০ কোটি টাকা-০৮ „<br>(ঘ) ৫০১-৭০০ কোটি-০৭ „<br>(ঙ) ৩০১-৫০০ কোটি টাকা-০৬ „<br>(চ) ১০১-৩০০ কোটি টাকা-০৫ „<br>(ছ) ১-১০০ কোটি টাকা-০৩ „ |
| ৬. | দেশীয় কাঁচামাল ব্যবহার | ১০ | (ক) ২৫০০ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ ১০০১-২৫০০ কোটি টাকা-০৯ „<br>(গ) ৫০১-১০০০ কোটি টাকা-০৭ „<br>(ঘ) ৪০১-৫০০ কোটি টাকা-০৬ „<br>(ঙ) ১০১-৪০০ কোটি টাকা-০৫ „<br>(চ) ১-১০০ কোটি টাকা-০৪ „ |
| ৭. | কর্মসংস্থান (সংখ্যা) | ০৫ | (ক) ৫০০ জনের উপরে-০৫ নম্বর<br>(খ) ৪০১-৫০০ জন-০৪ „<br>(গ) ৩০১-৪০০ জন-০৩ „<br>(ঘ) ২০১-৩০০ জন-০২ „<br>(ঙ) ১০০-২০০ জন-০১ „ |
| ৮. | রপ্তানি আয় | ১০ | (ক) ২৫০০ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ১৫০১-২৫০০ কোটি টাকা-০৮ „<br>(গ) ১০০১-১৫০০ কোটি টাকা-০৭ „<br>(ঘ) ৫০১-১০০০ কোটি টাকা-০৬ „<br>(ঙ) ১০১-৫০০ কোটি টাকা-০৫ „<br>(চ) ১-১০০ কোটি টাকা-০৪ „ |

| ক্র: নং | বিবরণ | নির্ধারিত নম্বর | মূল্যায়নের ধরণ |
|---|---|---|---|
| ৯. | আমদানি বিকল্প পণ্য উৎপাদন | ১০ | (ক) ২৫০০ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ১৫০১-২৫০০ কোটি টাকা-০৮ "<br>(গ) ১০০১-১৫০০ কোটি টাকা-০৭ "<br>(ঘ) ৫০১-১০০০ কোটি টাকা-০৬ "<br>(ঙ) ১০১-৫০০ কোটি টাকা-০৫ "<br>(চ) ১-১০০ কোটি টাকা-০৪ " |
| ১০. | অভ্যন্তরীণ ও বহি:নিরীক্ষা পদ্ধতির বিবরণ | ০৫ | থাকলে পূর্ণমান, না থাকলে ০ |
| ১১. | শ্রমিকের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ কর্মসূচি (কর্মসূচির সংখ্যা) | ০৫ | সর্বোচ্চ ও সর্বনিম্ন সংখ্যক প্রশিক্ষণ কর্মসূচির ভিত্তিতে নম্বর প্রদান করা হবে |
| ১২. | শ্রমিকের কল্যাণের জন্য গৃহীত পদক্ষেপ | ০৫ | (ক) ১০ কোটি টাকার উপরে-০৫ নম্বর<br>(খ) ৭-১০ কোটি টাকা-০৪ "<br>(গ) ৪-৬ কোটি টাকা-০৩ "<br>(ঘ) ১-৩ কোটি টাকা-০২ "<br>(ঙ) ১ কোটি টাকার নিচে-০১ " |
| ১৩. | অনুমোদিত মজুরি কাঠামো | ০৫ | থাকলে পূর্ণমান, না থাকলে ০ |
| ১৪. | সামাজিক দায়িত্ব পালন (CSR) | ০৫ | (ক) ৯ কোটি টাকার উপরে-০৫ নম্বর<br>(খ) ৭-৯ কোটি টাকা-০৪ "<br>(গ) ৪-৬ কোটি টাকা-০৩ "<br>(ঘ) ১-৩ কোটি টাকা-০২ "<br>(ঙ) ১ কোটি টাকার নিচে-০১ " |
| ১৫. | শ্রমিকের নিরাপত্তা বিধানে (বীমা সহ) গৃহীত পদক্ষেপের বিবরণ | ০৫ | (ক) ৯ কোটি টাকার উপরে-০৫ নম্বর<br>(খ) ৭-৯ কোটি টাকা-০৪ "<br>(গ) ৪-৬ কোটি টাকা-০৩ "<br>(ঘ) ১-৩ কোটি টাকা-০২ "<br>(ঙ) ১ কোটি টাকার নিচে-০১ " |

| ক্র: নং | বিবরণ | নির্ধারিত নম্বর | মূল্যায়নের ধরণ |
|---|---|---|---|
| ১৬. | পরিবেশ সংরক্ষণে গৃহীত পদক্ষেপ (লক্ষ টাকা) | ১০ | (ক) ১০ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৯-১০ কোটি টাকা-০৯ "<br>(গ) ৬-৮ কোটি টাকা-০৮ "<br>(ঘ) ৩-৫ কোটি টাকা-০৭ "<br>(ঙ) ৫১ লক্ষ-২ কোটি টাকা-০৪ "<br>(চ) ১-৫০ লক্ষ টাকা-০১ " |
| ১৭. | নব উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বিবরণ | ০৫ | থাকলে-০৫ নম্বর, না থাকলে-০০ |
| ১৮. | পণ্যমান নিয়ন্ত্রণ ব্যবস্থা (বিবরণ) | ০৫ | থাকলে-০৫ নম্বর, না থাকলে-০০ |
| ১৯. | গুণগত মাননিয়ন্ত্রণ সংক্রান্ত সনদ | ০৫ | থাকলে-০৫ নম্বর, না থাকলে-০০ |
| ২০. | উন্নয়ন ও গবেষণা (বিবরণ) | ০৫ | থাকলে-০৫ নম্বর, না থাকলে-০০ |

**(খ) মাঝারি শিল্প:**

| ক্র: নং | বিবরণ | নির্ধারিত নম্বর | মূল্যায়নের ধরণ |
|---|---|---|---|
| ১. | বার্ষিক টার্নওভার | ১৫ | (ক) ৫,০০০ কোটি টাকার উপরে-১৫ নম্বর<br>(খ) ১,০০১-৫০০০ কোটি টাকা-১২ "<br>(গ) ৫০১-১০০০ কোটি টাকা-১০ "<br>(ঘ) ৩০১-৫০০ কোটি টাকা-০৮ "<br>(ঙ) ১০১-৩০০ কোটি টাকা-০৭ "<br>(চ) ১-১০০ কোটি টাকা-০৫ " |
| ২. | মূল্য সংযোজন কর পরিশোধ | ১০ | (ক) ৭৫ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৫১-৭৫ কোটি টাকা-০৮ "<br>(গ) ৪১-৫০ কোটি টাকা-০৬ "<br>(ঘ) ২৬-৪০ কোটি টাকা-০৪ "<br>(ঙ) ১-২৫ কোটি টাকা-০২ " |

| ক্র: নং | বিবরণ | নির্ধারিত নম্বর | মূল্যায়নের ধরণ |
|---|---|---|---|
| ৩. | শুল্ক কর পরিশোধ | ০৫ | (ক) ৭৫ কোটি টাকার উপরে-০৫ নম্বর<br>(খ) ৫১-৭৫ কোটি টাকা-০৪ „<br>(গ) ৪১-৫০ কোটি টাকা-০৩ „<br>(ঘ) ২৬-৪০ কোটি টাকা-০২ „<br>(ঙ) ১-২৫ কোটি টাকা-০১ „ |
| ৪. | শিল্প উদ্যোক্তা ও শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত আয়কর | ১৫ | (ক) ৩০০ কোটি টাকার উপরে-১৫ নম্বর<br>(খ) ২০১-৩০০ কোটি টাকা-১২ „<br>(গ) ১০১-২০০ কোটি টাকা-১০ „<br>(ঘ) ৫১-১০০ কোটি টাকা-০৭ „<br>(ঙ) ২৬-৫০ কোটি টাকা-০৫ „<br>(চ) ১১-২৫ কোটি টাকা-০৩ „<br>(ছ) ১-১০ কোটি টাকা-০২ „ |
| ৫. | বিগত ০৩ বছরে বিনিয়োগের পরিমাণ | ১০ | (ক) ৭০০ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ ৬০১-৭০০ কোটি টাকা-০৯ „<br>(গ) ৫০১-৬০০ কোটি টাকা-০৮ „<br>(ঘ) ৩০১-৫০০ কোটি টাকা -০৭ „<br>(ঙ) ২০১-৩০০ কোটি টাকা-০৬ „<br>(চ) ১০১-২০০ কোটি টাকা-০৫ „<br>(ছ) ১-১০০ কোটি টাকা-০৩ „ |
| ৬. | দেশীয় কাঁচামাল ব্যবহার | ১০ | (ক) ৫০০ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৪০১-৫০০ কোটি টাকা-০৮ „<br>(গ) ২০১-৪০০ কোটি টাকা-০৭ „<br>(ঘ) ১০১-২০০ কোটি টাকা-০৬ „<br>(ঙ) ১-১০০ কোটি টাকা-০৫ „ |
| ৭. | কর্মসংস্থান (সংখ্যা) | ০৫ | (ক) ৪০০ জনের উপরে-০৫ নম্বর<br>(খ) ৩০১-৪০০ জন-০৪ „<br>(গ) ২০১-৩০০ জন-০৩ „<br>(ঘ) ১-২০০ জন-০২ „ |
| ৮. | রপ্তানি আয় | ১০ | (ক) ১০০০ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৮০১-১০০০ কোটি টাকা-০৮ „<br>(গ) ৬০১-৮০০ কোটি টাকা-০৬ „<br>(ঘ) ৫০১-৬০০ কোটি টাকা-০৫ „<br>(ঙ) ১-৫০০ কোটি টাকা-০৩ „ |

| ক্র: নং | বিবরণ | নির্ধারিত নম্বর | মূল্যায়নের ধরণ |
|---|---|---|---|
| ৯. | আমদানি বিকল্প পণ্য উৎপাদন | ১০ | (ক) ১০০০ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৮০১-১০০০ কোটি টাকা-০৮ „<br>(গ) ৬০১-৮০০ কোটি টাকা-০৬ „<br>(ঘ) ৫০১-৬০০ কোটি টাকা-০৫ „<br>(ঙ) ১-৫০০ কোটি টাকা-০৩ „ |
| ১০. | অভ্যন্তরীণ ও বহিঃনিরীক্ষা পদ্ধতির বিবরণ | ০৫ | থাকলে পূর্ণমান, না থাকলে ০ |
| ১১. | শ্রমিকের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ কর্মসূচি (কর্মসূচির সংখ্যা) | ০৫ | সর্বোচ্চ ও সর্বনিম্ন সংখ্যক প্রশিক্ষণ কর্মসূচির ভিত্তিতে নম্বর প্রদান করা হবে |
| ১২. | শ্রমিকের কল্যাণের জন্য গৃহীত পদক্ষেপ | ০৫ | (ক) ১ কোটি টাকার উপরে-০৫ নম্বর<br>(খ) ৮১ লক্ষ থেকে ১ কোটি টাকা-০৪ „<br>(গ) ৫১-৮০ লক্ষ টাকা-০৩ „<br>(ঘ) ১-৫০ লক্ষ টাকা-০২ „ |
| ১৩. | অনুমোদিত মজুরি কাঠামো | ০৫ | থাকলে পূর্ণমান, না থাকলে ০ |
| ১৪. | সামাজিক দায়িত্ব পালন (CSR) | ০৫ | (ক) ৭০ লক্ষ টাকার উপরে-০৫ নম্বর<br>(খ) ৫১-৭০ লক্ষ টাকা-০৪ „<br>(গ) ৪১-৫০ লক্ষ টাকা-০৩ „<br>(ঘ) ২৬-৪০ লক্ষ টাকা-০২ „<br>(ঙ) ১-২৫ লক্ষ টাকা-০১ „ |
| ১৫. | শ্রমিকের নিরাপত্তা বিধানে (বীমা সহ) গৃহীত পদক্ষেপের বিবরণ | ০৫ | (ক) ৭০ লক্ষ টাকার উপরে-০৫ নম্বর<br>(খ) ৫১-৭০ লক্ষ টাকা-০৪ „<br>(গ) ৪১-৫০ লক্ষ টাকা-০৩ „<br>(ঘ) ২৬-৪০ লক্ষ টাকা-০২ „<br>(ঙ) ১-২৫ লক্ষ টাকা-০১ „ |

| ক্র: নং | বিবরণ | নির্ধারিত নম্বর | মূল্যায়নের ধরণ |
|---|---|---|---|
| ১৬. | পরিবেশ সংরক্ষণে গৃহীত পদক্ষেপ | ১০ | (ক) ৫০ লক্ষ টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৪১-৫০ লক্ষ টাকা-০৮ „<br>(গ) ৩১-৪০ লক্ষ টাকা-০৬ „<br>(ঘ) ২৬-৩০ লক্ষ টাকা-০৫ „<br>(ঙ) ১-২৫ লক্ষ টাকা-০৩ „ |
| ১৭. | নব উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বিবরণ | ০৫ | থাকলে-০৫ নম্বর, না থাকলে-০০ |
| ১৮. | পণ্যমান নিয়ন্ত্রণ ব্যবস্থা (বিবরণ) | ০৫ | থাকলে-০৫ নম্বর, না থাকলে-০০ |
| ১৯. | গুণগত মাননিয়ন্ত্রণ সংক্রান্ত সনদ | ০৫ | থাকলে-০৫ নম্বর, না থাকলে-০০ |
| ২০. | উন্নয়ন ও গবেষণা (বিবরণ) | ০৫ | থাকলে-০৫ নম্বর, না থাকলে-০০ |

**তপশিল-২**

**রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কারের জন্য মূল্যায়ন মানদণ্ড**

**(ক্ষুদ্র, কুটির, মাইক্রো ও হাইটেক শিল্পের জন্য প্রযোজ্য)**

| | | |
|---|---|---|
| ১. | বার্ষিক টার্নওভার (টাকা) | ১০ |
| ২. | মূল্য সংযোজন কর ও শুল্ক পরিশোধ (টাকা) | ১০ |
| ৩. | শিল্প উদ্যোক্তা ও শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত আয়কর (টাকা) | ১০ |
| ৪. | বিগত ০৩ বছরে বিনিয়োগের পরিমাণ (টাকা) | ১০ |
| ৫. | দেশীয় কাঁচামাল ব্যবহার (টাকা) | ১০ |
| ৬. | কর্মসংস্থান (সংখ্যা) | ০৫ |
| ৭. | রপ্তানি আয় (টাকা) | ১০ |
| ৮. | আমদানি বিকল্প পণ্য উৎপাদন (টাকা) | ১০ |
| ৯. | ওয়ার্কিং ক্যাপিট্যাল (ঋণ ব্যতীত) (টাকা) | ১০ |
| ১০. | পরিবেশ সংরক্ষণে গৃহীত পদক্ষেপ | ০৫ |
| ১১. | নব উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রম | ০৫ |
| ১২. | শ্রমিকের দক্ষতা উন্নয়নে গৃহীত পদক্ষেপ | ০৫ |
| | **মোট=** | **১০০** |

**তপশিল-২(ক)**

**রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কারের জন্য নম্বর বণ্টন ক্রাইটেরিয়া**

**(ক্ষুদ্র, কুটির, মাইক্রো ও হাইটেক শিল্পের জন্য প্রযোজ্য)**

**(ক) ক্ষুদ্র শিল্প:**

| ক্র: নং | বিবরণ | নির্ধারিত নম্বর | মূল্যায়নের ধরন |
|---|---|---|---|
| ১. | বার্ষিক টার্নওভার | ১০ | (ক) ৬০০ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ ৫০১-৬০০ কোটি টাকা-০৮ „<br>(গ) ৩০১-৫০০ কোটি টাকা-০৭ „<br>(ঘ) ২০১-৩০০ কোটি টাকা-০৬ „<br>(ঙ) ১০১-২০০ কোটি টাকা-০৫ „<br>(চ) ১-১০০ কোটি টাকা-০৪ „ |
| ২. | মূল্য সংযোজন কর ও শুল্ক পরিশোধ | ১০ | (ক) ১৫ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ১১-১৫ কোটি টাকা-০৮ „<br>(গ) ৬-১০ কোটি টাকা-০৬ „<br>(ঘ) ১-৫ কোটি টাকা- ০৫ „<br>(ঙ) ১ কোটি টাকার নিচে-০৪ „ |
| ৩. | শিল্প উদ্যোক্তা ও শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত আয়কর | ১০ | (ক) ৭ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৬-৭ কোটি টাকা-০৮ „<br>(গ) ৩-৫ কোটি টাকা-০৬ „<br>(ঘ) ১-২ কোটি টাকা-০৪ „<br>(চ) ১ কোটি টাকার নিচে -০২ „ |
| ৪. | বিগত ০৩ বছরে বিনিয়োগের পরিমাণ | ১০ | (ক) ১০০ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ ৯১-১০০ কোটি টাকা-০৯ „<br>(গ) ৮১-৯০ কোটি টাকা-০৮ „<br>(ঘ) ৬১-৮০ কোটি-০৭ „<br>(ঙ) ৪১-৬০ কোটি টাকা-০৬ „<br>(চ) ২১-৪০ কোটি টাকা-০৫ „<br>(ছ) ১-২০ কোটি টাকা-০৪ „<br>(জ) ১ কোটি টাকার নিচে-০৪ „ |

| ক্র: নং | বিবরণ | নির্ধারিত নম্বর | মূল্যায়নের ধরন |
|---|---|---|---|
| ৫. | দেশীয় কাঁচামাল ব্যবহার | ১০ | (ক) ১০০ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ ৮১-১০০ কোটি টাকা-০৮ „<br>(গ) ৫১-৮০ কোটি টাকা-০৬ „<br>(ঘ) ২৬-৫০ কোটি টাকা-০৪ „<br>(ঙ) ১-২৫ কোটি টাকা-০২ „ |
| ৬. | কর্মসংস্থান (সংখ্যা) | ০৫ | (ক) ৪০০ জনের উপরে-০৫ নম্বর<br>(খ) ৩০১-৪০০ জন-০৪ „<br>(গ) ২০১-৩০০ জন-০৩ „<br>(ঘ) ২০০ জন পর্যন্ত-০২ „ |
| ৭. | রপ্তানি আয় | ১০ | (ক) ৫০০ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৪০১-৫০০ কোটি টাকা-০৮ „<br>(গ) ৩০১-৪০০ কোটি টাকা-০৬ „<br>(ঘ) ২০১-৩০০ কোটি টাকা-০৫ „<br>(ঙ) ১-২০০ কোটি টাকা-০৩ „ |
| ৮. | আমদানি বিকল্প পণ্য উৎপাদন | ১০ | (ক) ৫০০ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৪০১-৫০০ কোটি টাকা-০৮ „<br>(গ) ৩০১-৪০০ কোটি টাকা-০৬ „<br>(ঘ) ২০১-৩০০ কোটি টাকা-০৫ „<br>(ঙ) ১-২০০ কোটি টাকা-০৩ „ |
| ৯. | ওয়ার্কিং ক্যাপিট্যাল (ঋণ ব্যতীত) | ১০ | (ক) ৮০০ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৭০১-৮০০ কোটি টাকা-০৮ „<br>(গ) ৫০১-৭০০ কোটি টাকা-০৬ „<br>(ঘ) ৩০১-৫০০ কোটি টাকা-০৫ „<br>(ঙ) ১-৩০০ কোটি টাকা-০৩ „ |
| ১০. | পরিবেশ সংরক্ষণে গৃহীত পদক্ষেপ | ০৫ | (ক) ৩০ লক্ষ টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ২১-৩০ লক্ষ টাকা-০৮ „<br>(গ) ১১-২০ লক্ষ টাকা-০৬ „<br>(ঘ) ১-১০ লক্ষ টাকা-০৪ „ |
| ১১. | নব উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রম | ০৫ | থাকলে-০৫ নম্বর, না থাকলে-০০ |

| ক্র: নং | বিবরণ | নির্ধারিত নম্বর | মূল্যায়নের ধরন |
|---|---|---|---|
| ১২. | শ্রমিকের দক্ষতা উন্নয়নে গৃহীত পদক্ষেপ | ০৫ | (ক) ৫০ লক্ষ টাকার উপরে-০৫ নম্বর<br>(খ) ৩১-৫০ লক্ষ টাকা-০৪ ”<br>(গ) ২১-৩০ লক্ষ টাকা-০৩ ”<br>(ঘ) ১১-২০ লক্ষ টাকা-০২ ”<br>(ঙ) ১০ লক্ষ টাকার নিচে-০১ ” |

**(খ) কুটির শিল্প ও মাইক্রো শিল্প:**

| ক্র: নং | বিবরণ | নির্ধারিত নম্বর | মূল্যায়নের ধরন |
|---|---|---|---|
| ১. | বার্ষিক টার্নওভার | ১০ | (ক) ৪ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৩-৪ কোটি টাকা-০৮ ”<br>(গ) ১-২ কোটি টাকা-০৬ ”<br>(ঘ) ৫১ লক্ষ থেকে ৯৯ লক্ষ টাকা-০৪ ”<br>(ঙ) ১-৫০ লক্ষ টাকা-০২ ” |
| ২. | মূল্য সংযোজন কর ও শুল্ক পরিশোধ | ১০ | (ক) ১ লক্ষ টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৫১ হাজার হতে ০১ লক্ষ টাকা-০৮ ”<br>(গ) ২৬-৫০ হাজার টাকা-০৬ ”<br>(ঘ) ১-২৫ হাজার টাকা-০৪ ” |
| ৩. | শিল্প উদ্যোক্তা ও শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত আয়কর | ১০ | (ক) ৭০ হাজার টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৫১-৭০ হাজার টাকা-০৮ ”<br>(গ) ৪১-৫০ হাজার টাকা-০৬ ”<br>(ঘ) ৩১-৪০ হাজার টাকা-০৪ ”<br>(ঙ) ১-৩০ হাজার টাকা-০২ ” |
| ৪. | বিগত ০৩ বছরে বিনিয়োগের পরিমাণ | ১০ | (ক) ১০ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৭-১০ কোটি টাকা-০৯ ”<br>(গ) ৫-৬ কোটি টাকা-০৮ ”<br>(ঘ) ৩-৪ কোটি টাকা-০৭ ”<br>(ঙ) ১-২ কোটি টাকা-০৬ ”<br>(চ) ৫১-৯৯ লক্ষ টাকা-০৫ ”<br>(ছ) ১-৫০ লক্ষ টাকা-০৪ ” |

| ক্র: নং | বিবরণ | নির্ধারিত নম্বর | মূল্যায়নের ধরন |
|---|---|---|---|
| ৫. | দেশীয় কাঁচামাল ব্যবহার | ১০ | (ক) ৮০ লক্ষ টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৬১-৮০ লক্ষ টাকা-০৮ „<br>(গ) ৪১-৬০ লক্ষ টাকা-০৬ „<br>(ঘ) ২১-৪০ লক্ষ টাকা-০৪ „<br>(ঙ) ১-২০ লক্ষ টাকা-০২ „ |
| ৬. | কর্মসংস্থান (সংখ্যা) | ০৫ | (ক) ১০০ জনের উপরে-০৫ নম্বর<br>(খ) ৮১-১০০ জন-০৪ „<br>(গ) ৬১-৮০ জন-০৩ „<br>(ঘ) ৫১-৬০ জন-০২ „<br>(ঙ) ৫০ জন পর্যন্ত-০১ „ |
| ৭. | রপ্তানি আয় | ১০ | (ক) ১০ লক্ষ টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৯-১০ লক্ষ টাকা-০৮ „<br>(গ) ৭-৮ লক্ষ টাকা-০৬ „<br>(ঘ) ৫-৬ লক্ষ টাকা-০৪ „<br>(ঙ) ১-৪ লক্ষ টাকা-০২ „ |
| ৮. | আমদানি বিকল্প পণ্য উৎপাদন | ১০ | (ক) ১০ লক্ষ টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৮-১০ লক্ষ টাকা-০৮ „<br>(গ) ৭-৮ লক্ষ টাকা-০৬ „<br>(ঘ) ৫-৬ লক্ষ টাকা-০৪ „<br>(ঙ) ১-৪ লক্ষ টাকা-০২ „ |
| ৯. | ওয়ার্কিং ক্যাপিট্যাল (ঋণ ব্যতীত) | ১০ | (ক) ৫০ লক্ষ টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৪১-৫০ লক্ষ টাকা-০৮ „<br>(গ) ৩১-৪০ লক্ষ টাকা-০৬ „<br>(ঘ) ১১-৩০ লক্ষ টাকা-০৪ „<br>(ঙ) ১-১০ লক্ষ টাকা-০২ „ |
| ১০. | পরিবেশ সংরক্ষণে গৃহীত পদক্ষেপ | ০৫ | (ক) ০৩ লক্ষ টাকার উপরে-০৫ নম্বর<br>(খ) ১-৩ লক্ষ টাকা-০৩ „<br>(গ) ০১ লক্ষ টাকার নিচে-০২ „ |
| ১১. | নব উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রম | ০৫ | থাকলে-০৫ নম্বর, না থাকলে-০০ |
| ১২. | শ্রমিকের দক্ষতা উন্নয়নে গৃহীত পদক্ষেপ | ০৫ | (ক) ০৩ লক্ষ টাকার উপরে-০৫ নম্বর<br>(খ) ১-৩ লক্ষ টাকা-০৩ „<br>(গ) ০১ লক্ষ টাকার নিচে-০২ „ |

**(গ) হাইটেক শিল্প:**

| ক্র: নং | বিবরণ | নির্ধারিত নম্বর | মূল্যায়নের ধরন |
|---|---|---|---|
| ১. | বার্ষিক টার্নওভার | ১০ | (ক) ১০০ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ ৫১-১০০ কোটি টাকা-০৮ „<br>(গ) ৩১-৫০ কোটি টাকা-০৬ „<br>(ঘ) ২১-৩০ কোটি টাকা-০৪ „<br>(ঙ) ১-২০ কোটি টাকা-০২ „ |
| ২. | মূল্য সংযোজন কর ও শুল্ক পরিশোধ | ১০ | (ক) ৭ লক্ষ টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৬-৭ লক্ষ টাকা-০৮ „<br>(গ) ৪-৫ লক্ষ টাকা-০৬ „<br>(ঘ) ১-৩ লক্ষ টাকা-০৪ „ |
| ৩. | শিল্প উদ্যোক্তা ও শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত আয়কর | ১০ | (ক) ১ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৬১ লক্ষ হতে ০১ কোটি টাকা-০৮ „<br>(গ) ৪১-৬০ লক্ষ টাকা-০৬ „<br>(গ) ২১-৪০ লক্ষ টাকা-০৪ „<br>(ঘ) ১-২০ লক্ষ টাকা-০২ „ |
| ৪. | বিগত ০৩ বছরে বিনিয়োগের পরিমাণ | ১০ | (ক) ১০ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৮-১০ কোটি টাকা-০৮ „<br>(গ) ৪-৭ কোটি টাকা-০৬ „<br>(ঘ) ১-৩ কোটি টাকা-০৪ „ |
| ৫. | দেশীয় কাঁচামাল ব্যবহার | ১০ | (ক) ১ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৮১ লক্ষ হতে ০১ কোটি টাকা-০৮ „<br>(গ) ৫১-৮০ লক্ষ টাকা-০৬ „<br>(ঘ) ৩১-৫০ লক্ষ টাকা-০৪ „<br>(ঙ) ১-৩০ লক্ষ টাকা-০২ „ |
| ৬. | কর্মসংস্থান (সংখ্যা) | ০৫ | (ক) ১০০ জনের উপরে-০৫ নম্বর<br>(খ) ৮১-১০০ জন-০৪ „<br>(গ) ৬১-৮০ জন-০৩ „<br>(ঘ) ৫১-৬০ জন-০২ „<br>(ঙ) ১-৫০ জন-০১ „ |

| ক্র: নং | বিবরণ | নির্ধারিত নম্বর | মূল্যায়নের ধরন |
|---|---|---|---|
| ৭. | রপ্তানি আয় | ১০ | (ক) ১০০ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৮১-১০০ কোটি টাকা-০৮ "<br>(গ) ৫১-৮০ কোটি টাকা-০৬ "<br>(ঘ) ১-৫০ কোটি টাকা -০৪ " |
| ৮. | আমদানি বিকল্প পণ্য উৎপাদন | ১০ | (ক) ১০০ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৮১-১০০ কোটি টাকা-০৮ "<br>(গ) ৫১-৮০ কোটি টাকা-০৬ "<br>(ঘ) ১-৫০ কোটি টাকা -০৪ " |
| ৯. | ওয়ার্কিং ক্যাপিট্যাল (ঋণ ব্যতীত) | ১০ | (ক) ১ কোটি টাকার উপরে-১০ নম্বর<br>(খ) ৮১ লক্ষ হতে ০১ কোটি -০৮ "<br>(গ) ৫১-৮০ লক্ষ টাকা-০৬ "<br>(ঘ) ৩১-৫০ লক্ষ টাকা-০৪ "<br>(ঙ) ১-৩০ লক্ষ টাকা-০২ " |
| ১০. | পরিবেশ সংরক্ষণে গৃহীত পদক্ষেপ | ০৫ | (ক) ০৩ লক্ষ টাকার উপরে-০৫ নম্বর<br>(খ) ১-৩ লক্ষ টাকা-০৩ "<br>(গ) ০১ লক্ষ টাকার নিচে-০২ " |
| ১১. | নব উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রম | ০৫ | থাকলে-০৫ নম্বর, না থাকলে-০০ |
| ১২. | শ্রমিক দক্ষতা উন্নয়নে গৃহীত পদক্ষেপ | ০৫ | (ক) ৫১ লক্ষ টাকার উপরে-০৫ নম্বর<br>(খ) ৩১-৫০ লক্ষ টাকা-০৪ "<br>(গ) ২১-৩০ লক্ষ টাকা-০৩ "<br>(ঘ) ১-২০ লক্ষ টাকা-০২ " |

**ফরম 'ক'**

[অনুচ্ছেদ-৫ দ্রষ্টব্য]

রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কারের জন্য আবেদন

**(বৃহৎ ও মাঝারি শিল্পের জন্য)**

ব্যক্তি/ প্রতিষ্ঠান প্রধানের সত্যায়িত ছবি

শিল্পের প্রকৃতি (প্রযোজ্য ক্ষেত্রে টিক চিহ্ন দিন): **বৃহৎ** ☐ **মাঝারি** ☐

১। (ক) আবেদনকারীর নাম : (বাংলায়).......................................................
(ইংরেজীতে)...................................................

(খ) পিতার নাম :

(গ) মাতার নাম :

(ঘ) স্ত্রী/স্বামীর নাম :

(ঙ) জাতীয়তা :

(চ) বর্তমান ঠিকানা :

(ছ) স্থায়ী ঠিকানা :

(জ) জাতীয় পরিচয় পত্র নং :

(ঝ) জন্ম তারিখ :

(ঞ) পাসপোর্ট (যদি থাকে) : (নম্বর)................. ইস্যু তারিখ ও স্থান .................

(ট) টিআই এন : (নম্বর) ...........................................................

(ঠ) ট্রেড লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে) : (নম্বর) (সর্বশেষ নবায়নের সত্যায়িত কপি) ................

(ড) শিল্প প্রতিষ্ঠানের ভ্যাট নিবন্ধন নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) :

(ঢ) ফোন, ফ্যাক্স ই-মেইল : ফোন ........................... ফ্যাক্স : ......................
মোবাইল...................... ই-মেইল ......................

২। (ক) শিল্প প্রতিষ্ঠানের নাম : ..................................................................

(খ) প্রতিষ্ঠানের ঠিকানা : ..................................................................

অফিসঃ ..................................
..................................
..................................
টেলিফোন নম্বর:
ফ্যাক্স নম্বর:
ই-মেইল:

কারখানা: ..................................
..........................................
..........................................
টেলিফোন নম্বর:
ফ্যাক্স নম্বর:
ই-মেইল:

(গ) রেজিস্ট্রেশন নম্বর : ................... রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের নাম : ....................

(ঘ) শিল্পের প্রকৃতি: ম্যানুফ্যাকচারিং ☐ সেবামূলক ☐

(ঙ) শিল্প কারখানায় ব্যবহৃত জমির পরিমাণ: i) মৌজা: ii) খতিয়ান: iii) দাগ:

(চ) শিল্প প্রতিষ্ঠানের জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য:

(ছ) নিয়োজিত মোট জনবলের সংখ্যা:

(জ) শিল্প মালিকানার ধরন : ☐ একক ☐ যৌথ ☐ প্রাইভেট লি. কোম্পানি

৩। **সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের বিগত ৩ (তিন) অর্থ বছরের তথ্যাবলি***

**(১) বার্ষিক টার্নওভার (লক্ষ টাকা)**

| **ক্রমিক নং** | **অর্থ বছর** | **বিবরণ** | **টার্নওভারের পরিমাণ (লক্ষ টাকা)** | **মন্তব্য** |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

(২) **মূল্য সংযোজন কর পরিশোধ (লক্ষ টাকা)**

| **ক্রমিক নং** | **অর্থ বছর** | **বিবরণ** | **পরিশোধিত মূল্য সংযোজন কর (লক্ষ টাকা)** | **মন্তব্য** |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে

(৩) **শুল্ক পরিশোধ (লক্ষ টাকা)**

| **ক্রমিক নং** | **অর্থ বছর** | **বিবরণ** | **পরিশোধিত শুল্ক (লক্ষ টাকা)** | **মন্তব্য** |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে

**(৪) শিল্প উদ্যোক্তা ও শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত আয়কর (লক্ষ টাকা)**

**(i)** শিল্প উদ্যোক্তা কর্তৃক পরিশোধিত আয়কর* টিআইএন নম্বর: ……………………

| ক্রমিক নং | অর্থ বছর | বিবরণ | টাকার পরিমাণ (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে

**(ii)** শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত আয়কর* টিআইএন নম্বর: ……………………

| ক্রমিক নং | অর্থ বছর | বিবরণ | টাকার পরিমাণ (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে

**(৫) বিগত ০৩ বছরে বিনিয়োগের পরিমাণ (লক্ষ টাকা) (অডিট রিপোর্ট মোতাবেক)**

| ক্রমিক নং | অর্থ বছর | বিনিয়োগের পরিমাণ (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| মোট | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

**(৬) দেশীয় কাঁচামাল ব্যবহার (লক্ষ টাকা)**

| ক্রমিক নং | অর্থ বছর | কাঁচামালের বিবরণ | টাকার পরিমাণ (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে

(৭) **কর্মসংস্থান (সংখ্যা)**

| ক্রমিক নং | অর্থ বছর | বিগত ৩ বছরে বছর ওয়ারী কর্মসংস্থানের সংখ্যা | এ খাতে ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে

**(৮) রপ্তানি আয় (লক্ষ টাকা)**

| ক্রমিক নং | অর্থ বছর | রপ্তানি পণ্য উৎপাদন (বিবরণ ও পরিমাণ) | এ খাতে আয়ের পরিমাণ (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*বাংলাদেশ ব্যাংক /ইপিবি কর্তৃক প্রদত্ত সনদ এর সাথে সংযুক্ত করতে হবে।

**(৯) আমদানি বিকল্প পণ্য উৎপাদন (লক্ষ টাকা)**

| ক্রমিক নং | অর্থ বছর | আমদানি বিকল্প পণ্য উৎপাদন (বিবরণ ও পরিমাণ) | টাকার পরিমাণ (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*আমদানি বিকল্প পণ্যের বিবরণ, ব্যবহার ইত্যাদি তথ্য এর সাথে সংযুক্ত করতে হবে।

**(১০) অভ্যন্তরীণ ও বহি:নিরীক্ষা পদ্ধতির বিবরণ**

| ক্রমিক নং | অর্থ বছর | অভ্যন্তরীণ ও বহি:নিরীক্ষা পদ্ধতির বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

**(১১) শ্রমিকের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ কর্মসূচি (কর্মসূচির সংখ্যা)**

| ক্রমিক নং | অর্থ বছর | কর্মসূচির বিবরণ | কর্মসূচিতে ব্যয়িত অর্থের পরিমাণ (লক্ষ টাকা) |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| মোট | | | |

**(১২) শ্রমিকের কল্যাণের জন্য গৃহীত পদক্ষেপ (লক্ষ টাকা)**

| ক্রমিক নং | অর্থ বছর | কল্যাণমূলক কাজের বিবরণ | কল্যাণমূলক কাজের আর্থিক মূল্য (লক্ষ টাকা) |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| মোট | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে

(১৩) অনুমোদিত মজুরি কাঠামো

| ক্রমিক নং | অর্থবছর | অনুমোদিত মজুরি কাঠামোর বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

(১৪) সামাজিক দায়িত্ব পালন (**CSR**) (লক্ষ টাকা)

| ক্রমিক নং | অর্থ বছর | সামাজিক দায়িত্বের বিবরণ | আর্থিক মূল্য (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

(১৫) শ্রমিকের নিরাপত্তা বিধানে (বীমাসহ) গৃহীত পদক্ষেপের বিবরণ

| ক্রমিক নং | অর্থবছর | নিরাপত্তামূলক কাজের বিবরণ | নিরাপত্তামূলক কাজের আর্থিক মূল্য (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে

(১৬) পরিবেশ সংরক্ষণে গৃহীত পদক্ষেপ (লক্ষ টাকা)

| ক্রমিক নং | অর্থ বছর | পরিবেশ সংরক্ষণের বিবরণ | আর্থিক মূল্য (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

**(১৭) নব উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বিবরণ**

| পণ্য বা সেবার নব উদ্ভাবনে গৃহীত পদক্ষেপ | পণ্য বা সেবার উদ্ভাবন প্রযুক্তির বর্ণনা | মন্তব্য |
|---|---|---|
| | | |

(১৮) **পণ্যমান নিয়ন্ত্রণ ব্যবস্থা (বিবরণ)**

| পণ্য/সেবার মান নিয়ন্ত্রণে গৃহীত ব্যবস্থা | পণ্য/সেবার মান সংক্রান্ত সনদ | মাননিয়ন্ত্রণ পরীক্ষাগারের বিবরণ |
|---|---|---|
| | | |

*প্রমাণক সনদ সংযুক্ত করতে হবে

(১৯) **গুণগত মান নিয়ন্ত্রণ সংক্রান্ত সনদ**

| পণ্য/সেবার গুণগত মান নিয়ন্ত্রণে গৃহীত ব্যবস্থা | পণ্য/সেবার গুণগত মান সংক্রান্ত সনদ | গুণগত মাননিয়ন্ত্রণ পরীক্ষাগারের বিবরণ |
|---|---|---|
| | | |

*প্রমাণক সনদ সংযুক্ত করতে হবে

(২০) **উন্নয়ন ও গবেষণা (বিবরণ)**

| উন্নয়ন ও গবেষণা কার্যক্রমের বিবরণ | উন্নয়ন ও গবেষণা কার্যক্রমে ব্যয়িত অর্থের পরিমাণ (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|
| | | |

*প্রমাণক সনদ সংযুক্ত করতে হবে

৪। **অন্যান্য তথ্য**

(ক) পূর্বে কোন সম্মাননা/পুরস্কার পেয়েছে কিনা :

(খ) পেয়ে থাকলে তার বিবরণ (পুরস্কার প্রদানকারী প্রতিষ্ঠান ও পুরস্কারের নাম
এবং পুরস্কার প্রাপ্তির তারিখ) :

(গ) প্রতিষ্ঠানটির পরিশোধিত মূলধনের পরিমাণ (লক্ষ টাকায়) :

| | | |
|---|---|---|
| (ঘ) ওয়ার্কিং ক্যাপিটাল (ঋণ ব্যতীত) | : | |
| (ঙ) শিল্প প্রতিষ্ঠানের নিরীক্ষাকৃত হিসাব উদ্বৃত্ত পত্র (সর্বশেষ ৩ বছরের) | : | |
| (চ) আবেদনকারী কোন ফৌজদারি মামলায় দন্ড প্রাপ্ত কিনা | : | |
| (ছ) আবেদনকারীর বিরুদ্ধে কোন ফৌজদারি মামলা বিচারাধীন আছে কিনা | : | |
| (জ) আবেদনকারী কিংবা তার প্রতিষ্ঠান কর, ঋণ ও বিল খেলাপি কিনা | : | |
| (ঝ) পূর্বে রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার পেয়েছেন কিনা | : | হ্যাঁ/না |
| (ঞ) পেয়ে থাকলে কোন সালে পেয়েছেন | : | |

সত্য পাঠ

আমি ঘোষণা করছি যে, উপরে বর্ণিত যাবতীয় তথ্য সত্য। প্রদত্ত তথ্যাবলির কোন একটি তথ্য যদি মিথ্যা বা অসত্য বলে প্রমাণিত হয়, তাহলে আমার আবেদন বাতিল যোগ্য হবে। আমি আরও ঘোষণা করছি যে, আমি এবং আমার সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান পরিবেশ বিরোধী কোন কার্যক্রমের সাথে লিপ্ত নয়।

তারিখ:......................

আবেদনকারীর স্বাক্ষর
ও যোগাযোগের ঠিকানা

প্রতিষ্ঠানের সীলমোহর

| ব্যক্তি/ প্রতিষ্ঠান প্রধানের সত্যায়িত ছবি |
|---|

**ফরম 'খ'**

[অনুচ্ছেদ-৫ দ্রষ্টব্য]

রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কারের জন্য আবেদন

**(ক্ষুদ্র, কুটির, মাইক্রো ও হাইটেক শিল্পের জন্য)**

শিল্পের প্রকৃতি (প্রযোজ্য ক্ষেত্রে টিক চিহ্ন দিন): **ক্ষুদ্র** ☐ **কুটির** ☐ **মাইক্রো** ☐ **হাইটেক** ☐

১। (ক) আবেদনকারীর নাম : (বাংলায়)........................................................

(ইংরেজীতে) ....................................................

(খ) পিতার নাম :

(গ) মাতার নাম :

(ঘ) স্ত্রী/স্বামীর নাম :

(ঙ) জাতীয়তা :

(চ) বর্তমান ঠিকানা :

(ছ) স্থায়ী ঠিকানা :

(জ) জাতীয় পরিচয় পত্র নং :

(ঝ) জন্ম তারিখ :

(ঞ) পাসপোর্ট (যদি থাকে) : (নম্বর)................. ইস্যু তারিখ ও স্থান .................

(ট) টিআই এন : (নম্বর) ...........................................................

(ঠ) ট্রেড লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে) : (নম্বর) (সর্বশেষ নবায়নের সত্যায়িত কপি) ................

(ড) শিল্প প্রতিষ্ঠানের ভ্যাট নিবন্ধন নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) :

(ঢ) ফোন, ফ্যাক্স, ই-মেইল : ফোন ........................... ফ্যাক্স : .......................

মোবাইল নম্বর..................... ই-মেইল .................

২। (ক) শিল্প প্রতিষ্ঠানের নাম : .............................................................

(খ) প্রতিষ্ঠানের ঠিকানা : ...............................................................

অফিস: .................................. কারখানা: .....................................

.................................. ........................................

.................................. ........................................

টেলিফোন নম্বর: টেলিফোন নম্বর:

ফ্যাক্স নম্বর: ফ্যাক্স নম্বর:

ই-মেইল: ই-মেইল:

(গ) রেজিস্ট্রেশন নম্বর : ...................... রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের নাম : ..................

(ঘ) শিল্পের প্রকৃতি: ম্যানুফ্যাকচারিং ☐ সেবা মূলক ☐

(ঙ) শিল্প কারখানায় ব্যবহৃত জমির পরিমান: i) মৌজা: ii) খতিয়ান: iii) দাগ:

(চ) শিল্প প্রতিষ্ঠানের জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য:

(ছ) নিয়োজিত মোট জনবলের সংখ্যা:

(জ) শিল্প মালিকানার ধরন : ☐ একক ☐ যৌথ ☐ প্রাইভেট লি. কোম্পানি

৩। **সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের বিগত ৩ (তিন) অর্থ বছরের তথ্যাবলি***

**(১) বার্ষিক টার্নওভার (টাকা)**

| ক্রমিক নং | অর্থবছর | বিবরণ | টার্নওভারের পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

**(২) মূল্য সংযোজন কর ও শুল্ক পরিশোধ (টাকা)**

| ক্রমিক নং | অর্থবছর | মূসক, শুল্ক ইত্যাদির বিবরণ | পরিশোধিত মূসক ও শুল্ক (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে

**(৩) শিল্প উদ্যোক্তা ও শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত আয়কর (টাকা)**

**(i)** শিল্প উদ্যোক্তা কর্তৃক পরিশোধিত আয়কর* টিআইএন নম্বর: ..................

| ক্রমিক নং | অর্থ বছর | বিবরণ | পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে

**(ii)** শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত আয়কর* টিআইএন নম্বর: ......................

| ক্রমিক নং | অর্থ বছর | বিবরণ | পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে

(৪) **বিগত ০৩ বছরে বিনিয়োগের পরিমাণ (টাকা)**

| ক্রমিক নং | অর্থ বছর | বিনিয়োগের পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| মোট | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

**(৫) দেশীয় কাঁচামাল ব্যবহার (টাকা)**

| ক্রমিক নং | অর্থ বছর | কাঁচামালের বিবরণ | পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে

(৬) **কর্মসংস্থান (সংখ্যা)**

| ক্রমিক নং | অর্থবছর | কর্মসংস্থানের সংখ্যা | এ খাতে ব্যয়ের পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে

(৭) রপ্তানি আয় (টাকা)

| ক্রমিক নং | অর্থবছর | রপ্তানি পণ্য উৎপাদন (বিবরণ ও পরিমাণ) | এ খাতে আয়ের পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

*বাংলাদেশ ব্যাংক /ইপিবি কর্তৃক প্রদত্ত সনদ এর সাথে সংযুক্ত করতে হবে।

(৮) আমদানি বিকল্প পণ্য উৎপাদন (টাকা)

| ক্রমিক নং | অর্থবছর | আমদানি বিকল্প পণ্য উৎপাদন (বিবরণ ও পরিমাণ) | পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

(৯) ওয়ার্কিং ক্যাপিটাল (ঋণ ব্যতীত) (টাকা)

| ক্রমিক নং | অর্থ বছর | পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| মোট | | | |

(১০) পরিবেশ সংরক্ষণে গৃহীত পদক্ষেপ

| ক্রমিক নং | অর্থবছর | পরিবেশ সংরক্ষণের বিবরণ | আর্থিক মূল্য (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| মোট | | | | |

(১১) নব উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রম

| পণ্য বা সেবার নব উদ্ভাবনে গৃহীত পদক্ষেপ | পণ্য বা সেবার উদ্ভাবন প্রযুক্তির বর্ণনা | মন্তব্য |
|---|---|---|
| | | |

**(১২) শ্রমিকের দক্ষতা উন্নয়নে গৃহীত পদক্ষেপ**

| ক্রমিক নং | অর্থবছর | দক্ষতা উন্নয়নে গৃহীত কর্মসূচির বিবরণ | কর্মসূচিতে ব্যয়িত অর্থের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| মোট | | | |

*প্রমাণপত্র সংযুক্ত করতে হবে

৪। **অন্যান্য তথ্য**

(ক) পূর্বে কোন সম্মাননা/পুরস্কার পেয়েছে কিনা :

(খ) পেয়ে থাকলে তার বিবরণ (পুরস্কার প্রদানকারী প্রতিষ্ঠান ও পুরস্কারের নাম এবং পুরস্কার প্রাপ্তির তারিখ) :

(গ) আবেদনকারী কোন ফৌজদারি মামলায় দণ্ড প্রাপ্ত কিনা :

(ঘ) আবেদনকারীর বিরুদ্ধে কোন ফৌজদারি মামলা বিচারাধীন আছে কিনা :

(ঙ) আবেদনকারী কিংবা তার প্রতিষ্ঠান কর, ঋণ ও বিল খেলাপি কিনা :

(চ) পূর্বে রাষ্ট্রপতির শিল্প উন্নয়ন পুরস্কার পেয়েছেন কিনা : হ্যাঁ/না

(ছ) পেয়ে থাকলে কোন সালে পেয়েছেন :

সত্যপাঠ

আমি ঘোষণা করছি যে, উপরে বর্ণিত যাবতীয় তথ্য সত্য। প্রদত্ত তথ্যাবলির কোন একটি তথ্য যদি মিথ্যা বা অসত্য বলে প্রমাণিত হয়, তাহলে আমার আবেদন বাতিলযোগ্য হবে। আমি আরও ঘোষণা করছি যে, আমি এবং আমার সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান পরিবেশ বিরোধী কোন কার্যক্রমের সাথে লিপ্ত নয়।

তারিখ:......................

আবেদনকারীর স্বাক্ষর
ও যোগাযোগের ঠিকানা

প্রতিষ্ঠানের সীলমোহর

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd